

বন্ধ থাকা বাস পরিষেবা চালুর দাবি জানিয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের ফেসবুক গ্রুপ থেকে এ দাবি জানাতে দেখা গেছে। করোনাভাইরাস মহামারিতে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকলেও গত ১৫ নভেম্বর থেকে অসমাপ্ত পরীক্ষা নেওয়া শুরু হলে পরিবহন সমস্যায় পড়েন শিক্ষার্থীরা। এ অবস্থায় তাঁদের দাবি, বিশ্ববিদ্যালয়ের জিরো পয়েন্ট থেকে নিউ মার্কেট পর্যন্ত বাস পরিষেবা চালু করা হোক।

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে আবাসিক হল বন্ধ রেখে স্বাস্থ্যবিধি মেনে স্থগিত হওয়া পরীক্ষা শুরু করে চবি কর্তৃপক্ষ। কিন্তু বন্ধ রয়েছে শিক্ষার্থী পরিবহনে যুক্ত শাটল ট্রেন। শিক্ষার্থীদের অনেকে জানান, লোকাল বাসে করে শহর থেকে ক্যাম্পাসে যেতে বিভিন্ন সমস্যায় পড়তে হয়। অনেক সময় অতিরিক্ত ভাড়া দিতে হয়। স্বাস্থ্যবিধি না মেনে গাদাগাদি করে যাত্রী তোলায় ঝুঁকিতে পড়তে হচ্ছে। ভাড়া নিয়ে প্রায়ই শিক্ষার্থীদের সঙ্গে ঝগড়া হচ্ছে চালক-হেলপারদের। গত বৃহস্পতিবারও মারধরের শিকার হন দুই শিক্ষার্থী।

বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার এস এম মনিরুল ইসলাম কালের কণ্ঠকে বলেন, যেসব বিভাগে পরীক্ষা চলছে তারা তাদের বিভাগ থেকে পরিবহন দপ্তরে বাসের জন্য আবেদন করলে ব্যবস্থা করা হবে।